রাজশাহী কলেজ, রাজশাহী
ডকেট নং ৪০৭
তারিখ ১৮/০৭/২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী
e-mail: director.edu.raj@gmail.com
web: www.dshe.rajshahidiv.gov.bd

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০২.২৫.০০১.২৪. ৭৯৪

তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ / ১৮ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: সরকারি ও বেসরকারি কলেজের ইংরেজি প্রভাষকগণের জন্য "১৬৩ তম কমিউনিকেটিভ ইংলিশ কোর্স " শীর্ষক প্রশিক্ষণে আগ্রহী প্রশিক্ষণার্থীগণের নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: নায়েম এর স্মারক নং: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০০৮.২৩.১৮; তারিখ: ০৯/০৭/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ৩০ জুলাই ২০২৪ খ্রি. হতে ১৯ আগস্ট ২০২৪ খ্রি.পর্যন্ত একুশ (২১) দিন মেয়াদে নায়েমে অনুষ্ঠিতব্য **"১৬৩ তম কমিউনিকেটিভ ইংলিশ কোর্স"** প্রশিক্ষণ কোর্স এ আপনার প্রতিষ্ঠান হতে আগ্রহী প্রার্থীগণের তথ্য নিম্নোক্ত ছক মোতাবেক (word file এবং pdf file) এ আগামী ২২/০৭/২০২৪ খ্রি. তারিখের মধ্যে director.edu.raj.training@gmail.com ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

| ক্র. নং | প্রশিক্ষণার্থীর নাম ও পিডিএস আইডি | পদবী ও বিষয় | প্রতিষ্ঠানের নাম | প্রশিক্ষণার্থীর মোবাইল নম্বর ও ই-মেইল (ইংরেজিতে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|

১৮/০৭/২০২৪

(প্রফেসর ড. বিশ্বজিৎ ব্যানার্জী-৯৩৩১)
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী
ফোন: ০২৪৭-৮১২৪৫৮

অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:
০১. মহাপরিচালক (গ্রেড-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
০২. পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম, ঢাকা;
০৩. কোর্স- পরিচালক, নায়েম, ঢাকা;
০৪. অফিস নথি।

CamScanner

১০৭
২৫০৭২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫
www.naem.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০০৮.২৩.১৮

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
০৯ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: সরকারি ও বেসরকারি কলেজের ইংরেজি বিষয়ের প্রভাষকগণের জন্য ৬৩তম কমিউনিকেটিভ ইংলিশ কোর্সে অংশগ্রহণ

সূত্র: নং-নায়েম/৩৭.০৪.০০০০.৩০০.৯৯.০০৮.২২/১৬৫৮, তারিখঃ ১১-০৬-২০২৪ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ শ্রাবণ থেকে ০৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/ ৩০ জুলাই থেকে ১৯ আগস্ট ২০২৪ খ্রি. পর্যন্ত সরকারি ও বেসরকারি কলেজের ইংরেজি বিষয়ের প্রভাষকগণের জন্য ৬৩তম কমিউনিকেটিভ ইংলিশ কোর্স নায়েমে অনুষ্ঠিত হবে। এ কোর্সে তাঁর আওতাধীন জেলাসমূহের সরকারি ও বেসরকারি কলেজ থেকে ০৪ জন ইংরেজি বিষয়ের প্রভাষক মনোনীত করতে অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষণার্থীগণের নাম, পদবি, প্রতিষ্ঠানের নাম, তাদের ব্যক্তিগত মোবাইল নম্বর ও ইমেইল আইডিসহ তালিকা আগামী ২৫ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দের মধ্যে কোর্স সমন্বয়ক জনাব মো. শামীম মাহবুবের (মোবাইল/ হোয়াটসঅ্যাপ : ০১৭৯০২৪৮৯৯০) ইমেইলে (shameemmahboob88@gmail.com) পাঠানোর জন্য অনুরোধ করা হলো। এতদসঙ্গে নিম্নলিখিত বিষয়াদি প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো:

১. মনোনীত প্রশিক্ষণার্থীগণ আগামী ২৫ জুলাই, ২০২৪ খ্রি. রাত ১০টার পূর্বে নায়েম ওয়েবসাইটে (www.naem.gov.bd) প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুর অনলাইন রেজিস্ট্রেশন থেকে তথ্যফর্ম পূরণ করে কোর্সে যোগদানের বিষয়টি নিশ্চিত করবেন;

২. বেসরকারি কলেজে কর্মরত প্রভাষকগণকে অবশ্যই এমপিওভুক্ত ও ইনডেক্স নম্বরধারী হতে হবে;

৩. মনোনীত প্রভাষকগণকে একাদশ-দ্বাদশ শ্রেণির English for Today, সর্বশেষ এমপিও কপি (বেসরকারি প্রতিষ্ঠানের প্রভাষকের ক্ষেত্রে), পাসপোর্ট সাইজের দুই কপি রঙিন ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, EIIN সম্বলিত রিলিজ লেটার, অনলাইন রেজিস্ট্রেশনের প্রিন্টেড কপি ও একটি ১০ টাকা মূল্যমানের রাজস্ব স্ট্যাম্প সঙ্গে আনতে হবে;

৪. আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে থাকার ব্যবস্থা করা হবে। হোস্টেলে আবাসনের ক্ষেত্রে কোর্স শুরুর পূর্বদিন অপরাহ্নে নির্ধারিত হোস্টেলের আসন গ্রহণ বাঞ্ছনীয়;

৫. সরকারি নিয়ম অনুযায়ী কোর্সে অংশগ্রহণকারীকে ভ্রমণ ও দৈনিক ভাতা নায়েম থেকে প্রদান করা হবে। তবে প্রাথমিক ব্যয় (থাকা, খাওয়া ও শিক্ষাসফরের খরচ) সংকুলানের জন্য আনুমানিক ২০,০০০/- (বিশ হাজার) টাকা সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে;

৬. যিনি নায়েম হতে এ প্রশিক্ষণ ইতোপূর্বে গ্রহণ করেছেন তাঁর এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;

৭. যিনি বিগত এক বছরের মধ্যে নায়েম পরিচালিত কোনো প্রশিক্ষণ কোর্সে (FTC ও ERM ছাড়া) অংশগ্রহণ করেছেন তিনি এ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;

৮. যার বয়স ৫৭ বছর অতিক্রম করেছে তিনি এ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;

৯. মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০, তারিখ ১০-০১-৯৯ অনুসারে এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬, তারিখ ০৭/০৩/২০১৬ অনুসারে এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Released) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কোনো কারণ ছাড়া কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা রয়েছে;

১০. প্রশিক্ষণ সংক্রান্ত কোন বিষয় জানার প্রয়োজন হলে কোর্স সমন্বয়ক মো. শামীম মাহবুব (০১৭৯০২৪৮৯৯০) অথবা জনাব স্বরাজ চক্রবর্তী (০১৭২৩৬৫৬২৮৪)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

১১. প্রশিক্ষণার্থীগণ হোয়াটসঅ্যাপ ও Gmail একাউন্ট খুলে কোর্সের গ্রুপে যুক্ত হবেন;

১২. আমন্ত্রণপত্র নায়েমের ওয়েবসাইটে (www.naem.gov.bd) পাওয়া যাবে।

CS CamScanner

০৯-০৭-২০২৪
মো. খোরশেদ আলম
পরিচালক
০১৭১২০৪৬৩৯৯ (ফোন)
০২-৫৫৬৩২১৪ (ফ্যাক্স)

মাউশি আঞ্চলিক পরিচালকগণ।

২৫ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
স্মারক নম্বর: তারিখ: ০৯ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
২। পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ , জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
৩। পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
৪। পরিচালক , পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
৫। পরিচালক, গবেষণা ও তথ্য বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
৬। উপ-পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
৭। উপ-পরিচালক, গবেষণা ও তথ্য বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
৮। উপ-পরিচালক, প্রশাসন ও অর্থ অধিশাখা, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
৯। শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা এবং
১০। প্রোগ্রামার, আইসিটি সেল, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (পত্রটি নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৯-০৭-২০২৪
মোঃ জাহাঙ্গীর কবীর
(সেলফোনঃ ০১৬৭৩২১২৯১৪) কোর্স পরিচালক, ৬৩তম
কমিউনিকেটিভ ইংলিশ কোর্স, নায়েম

CamScanner